দুর্ঘটনায় সরকারি বাস, মৃত ১

বহরমপুর, ১২ ফেব্রুয়ারি ঃ সেটাও ছিল সোমবার। দুই সপ্তাহের ব্যবধানে ফের সেই সোমবারই দুর্ঘটনার কবলে পড়ল সরকারি বাস। মৃত্যু হল বছর তিরিশের এক যুবকের। আহতের সংখ্যা ৫। এবারও ঘটনাস্থল মুর্শিদাবাদ। সোমবার মুর্শিদাবাদের কান্দিতে দুর্ঘটনার খবর ছড়াতেই গত মাসের ২৯ তারিখ দৌলতাবাদের ভয়ানক স্মৃতি ফিরে আসে ক্ষণিকের জন্য। আর তার জেরেই এদিন জনরোষ আছড়ে পড়ে ঘাতক বাসের ওপর। চলে ভাঙচুর।

এদিন ঘটনাটি ঘটে কান্দির জিয়াতারায় বহরমপুর–কান্দি রাজ্য সড়কের ওপরে। সোমবার সকাল ৯টা নাগাদ একটি যাত্রী বোঝাই সরকারি বাস বহরমপুর থেকে কান্দির দিকে যাওয়ার পথে দুর্ঘটনার কবলে পড়ে। একটি ডাম্পারকে ওভারটেক করতে গিয়ে উলটো দিক থেকে আসা একটি যন্ত্রচালিত ভ্যানকে মুখোমুখি ধাক্কা মারে বাসটি। ঘটনাস্থলেই ভ্যানের যাত্রীরা মাটিতে লুটিয়ে পড়েন। আশপাশের লোকজন আহত যাত্রীদের উদ্ধার করেন। ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজে হাত লাগান কান্দি থানার পুলিশকর্মীরা। ভ্যানে থাকা ৬ জনকে আশঙ্কাজনক অবস্থায় মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভরতি করা হয়। কিন্তু কিছুক্ষণের মধ্যেই রাজীব প্রধান (৩০) নামে এক যুবকের মৃত্যু হয়। রাজীব পেশায় গাড়ির চালক ছিলেন। তাঁর বাড়ি কান্দির জিয়াতারায়। তিনি বহরমপুরে যাচ্ছিলেন গাড়ি চালানোর কাজে যোগ দিতে।

ঘাড় ধাক্কা দেব, হুমকি শুভেন্দু-সুব্রতর

মালদা, ১২ ফেব্রুয়ারি ঃ 'চরম গোষ্ঠীদ্বন্দ্বতে জেরবার মালদা। কোথাও চার, কোথাও বা পাঁচ গোষ্ঠীর কোন্দল চলছে। এই পরিস্থিতিতে রাজ্য নেতৃত্ব কড়া হাতে হাল না ধরলে পঞ্চায়েত নির্বাচনে সফল হওয়া যাবে না।' সোমবার পুরাতন মালদার নারায়ণপুরে দলীয় মঞ্চে একাধিক রাজ্য ও জেলা নেতাদের সামনেই এই অভিযোগ তুললেন তৃণমূল কর্মীরা। কর্মীদের কাছ থেকে এমন নালিশ পেয়েই প্রকাশ্য মঞ্চ থেকে নেতাদের ঘাড় ধাক্কা দিয়ে দল থেকে বের করার হুমকি দেন শুভেন্দু অধিকারী ও সুব্রত বকসি।

প্রসঙ্গত, পঞ্চায়েত নির্বাচনের আগে সোমবার পুরাতন মালদার নারায়ণপুরে তৃণমূল কংগ্রেসের কর্মী সম্মেলন জনপ্লাবনে পরিণত হয়। মঞ্চে উপস্থিত ছিলেন দুই রাজ্য নেতা সুব্রত বকসি ও শুভেন্দু অধিকারী। উপস্থিত ছিলেন রাজ্যের একঝাঁক মন্ত্রী সহ জেলার অন্য নেতারাও। সম্মেলনে কর্মীদের কাছ থেকে গোষ্ঠীদ্বন্দ্ব নিয়ে নালিশ শোনার পর চরম সতর্কবার্তা দেন সুব্রত বকসি। তিনি বলেন, দলের পদে থেকে দলীয় কাজে সময় না দিয়ে পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিতে ঠিকাদারির বখরা নিয়ে ব্যস্ত থাকা নেতাদের প্রশ্রয় দেওয়া হবে না। তিনি রাখঢাক না করেই বলেন, যাঁরা এরকম করছেন, তাঁদের দল ঘাড় ধাক্কা দিয়ে বের করে দিলে দেখবেন পাশে আর কেউ নেই। একই সুরে শুভেন্দুবাবুও পরিষ্কার বার্তা দিয়েছেন। তিনি বলেন, জোড়া ঘাসফুল আর মমতা–এর বাইরে কিছু দেখবেন না। জেলা সদর ছাড়িয়ে ৩৪নম্বর জাতীয় সড়কে নারায়ণপুরের মিশন রোড ময়দানে সোমবার তৃণমূলের জেলাস্তরের বুথভিত্তিক কর্মী সম্মেলন হয়। সকাল থেকেই এদিন সমস্ত রুটের যানবাহন কার্যত তুলে নেন কর্মী–সমর্থকরা। ফলে সাধারণ মানুষকেও কিছুটা হয়রানির মধ্যে পড়তে হয়। রাজ্য সভাপতি সুব্রত বকসি বক্তব্যের শেষভাগে তীব্র আক্রমণাত্মক ছিলেন। দলের সুবিধাভোগী নেতৃত্বকে বারে বারে সতর্ক করেছেন। তিনি বলেন, পঞ্চায়েতস্তরের অনেক দলীয় সভাপতি আছেন যাঁরা দলীয় অফিসে না এসে সোজা পঞ্চায়েত অফিসে চলে যাচ্ছেন। সেখানে কাকে ঠিকাদারি দেওয়া হবে, কাকে দেওয়া হবে না তার নিদান দিচ্ছেন। আবার অনেক ব্লক সভাপতি আছেন যাঁরা দলে সময় না দিয়ে সময় দিচ্ছেন পঞ্চায়েত সমিতিতে। সেখানে ঠিকাদারির দায়িত্ব ঠিক করছেন। মনে রাখবেন, এসব বেশি দিন চলবে না। দল ঘাড় ধাক্কা দিয়ে সরিয়ে দিলে দেখবেন পাশে কেউ নেই। জাতীয় রাজনীতির প্রসঙ্গও তিনি টেনে আনেন। বলেন, কেন্দ্রে বিজেপির মিথ্যা প্রতিশ্রুতি মানুষ ধরে ফেলেছেন। ধর্মনিরপেক্ষ জোট তৈরি হচ্ছে। তার নেতৃত্ব দেবেন মমতা বন্দ্যোপাধ্যায়।

মৃত ছাত্রের প্রতি শ্রদ্ধা

রায়গঞ্জ, ১২ ফেব্রুয়ারি ঃ শুক্রবার পথ দুর্ঘটনায় এক স্কুলছাত্রের মৃত্যুর পর এদিন সুদর্শনপুর দ্বারিকাপ্রসাদ বিদ্যাচক্র স্কুল খুলল। এদিন প্রেয়ার লাইনে প্রতীকের আত্মার শান্তিকামনা করে স্কুল ছুটি দিয়ে দেন স্কুলের প্রধান শিক্ষক অভিজিৎ দত্ত। প্রেয়ার লাইনেই প্রতীকের কথা শুনতে শুনতেই স্কুল ক্যাম্পাসে জ্ঞান হারিয়ে ফেলে ওই স্কুলের ছাত্রী সুপর্ণা ঘোষ। সঙ্গে সঙ্গে তাকে স্কুলের শিক্ষক–শিক্ষিকারা উদ্ধার করে রায়গঞ্জ জেলা হাসপাতালে ভরতি করেন। ওই স্কুলছাত্রী সংশ্লিষ্ট স্কুলের একাদশ শ্রেণির 'কলা' বিভাগের ছাত্রী। বর্তমানে ওই ছাত্রী রায়গঞ্জ জেলা হাসপাতালের মেডিসিন বিভাগে চিকিৎসাধীন। এদিন হাসপাতাল ক্যাম্পাসে ওই ছাত্রীর বাবা পরিমল ঘোষ বলেন, পথ দুর্ঘটনায় প্রতীকের মৃত্যুর আতঙ্কে এমন ঘটনা ঘটে গিয়েছে। এদিন স্কুল ক্যাম্পাসে প্রচুর অভিভাবক ও অভিভাবিকারা জড়ো হয়েছিলেন। তাঁদের দাবি, জাতীয় সড়কের ধারে স্কুলগেটটি খুলে দেওয়ার ব্যবস্থা করতে হবে। যদিও প্রধান শিক্ষক অভিজিৎ দত্ত বলেন, আমার পক্ষে ওই গেট খোলা সম্ভব নয়। জেলা প্রশাসনের তরফ থেকে ওই গেট সিল করা হয়েছে। ছাত্রছাত্রীদের নিরাপত্তার কথা ভেবে একাজ করা হয়েছে। এ প্রসঙ্গে ডিএসপি সদর প্রসাদ প্রধান বলেন, জেলা প্রশাসনের নির্দেশ অনুযায়ী জাতীয় সড়কের ধারে অবস্থিত স্কুল গেট খোলা যাবে না। স্কুলের মূল গেট দিয়েই ছাত্রছাত্রীদের প্রবেশ করতে হবে। এদিকে, এদিন থেকে রায়গঞ্জ শহরের শিলিগুড়ি মোড়ে অবস্থিত বিদ্যাচক্র স্কুলের সামনে প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। রয়েছে ট্রাফিক পুলিশও।

প্রেমিক–প্রেমিকাকে ধরল পুলিশ

কালিয়াচক, ১২ ফেব্রুয়ারি ঃ মোবাইল টাওয়ার লোকেশন ধরে জলপাইগুড়ি থেকে প্রেমিক–প্রেমিকাকে উদ্ধার করল বৈষ্ণবনগর থানার পুলিশ। জানা গিয়েছে, প্রাপ্তবয়স্ক ওই দু'জনেরই বাড়ি কালিয়াচকের বীরনগরে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত ৭ ফেব্রুয়ারি কলেজ যাওয়ার নাম করে বাড়ি থেকে বের হয় কলেজ পড়ুয়া ওই মেয়েটি। তারপর আর বাড়ি ফেরেনি। মেয়েটির বাবা বৈষ্ণবনগর থানায় একটি নিখোঁজ ডায়ারি করেন। পরে মেয়ের বাবা জানতে পারেন, নিজের গ্রামের একটি ছেলের সঙ্গে তাঁর মেয়ে পালিয়েছে। পরে ওই ছেলেটির নামেও একটি অভিযোগ দায়ের করেন তিনি। বৈষ্ণবনগর থানার পুলিশ ছেলে ও মেয়েটির মোবাইল নম্বর সংগ্রহ করে টাওয়ার লোকেশনের সন্ধান করে। জলপাইগুড়ি জেলাতে মোবাইলের লোকেশন খুঁজে পেয়ে অভিযান চালায় পুলিশ। আটক করা হয় ছেলেমেয়ে দুজনকেই। বৈষ্ণবনগর থানার আইসি সঞ্জয় বিশ্বাস জানান, অন্য জেলা থেকে ছেলেমেয়ে দু'জনকেই নিয়ে আসা হয়েছে। দুজনেই প্রাপ্তবয়স্ক। মেয়েটি বিচারকের কাছে গোপন জবানবন্দি দেবেন বলে জানিয়েছেন।